

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬২৫

২৬/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২৬/৩৩. কালো খেযাব ব্যবহার

بَابِ الْخِصَابِ بِالسَّوَادِ

### আরবী

حَدَّثَنَا أَبُو هُرَيْرَةَ الصَيْرَفِيُّ، مُحَمَّدُ بْنُ فِرَاسٍ حَدَّثَنَا عُمَرُ بْنُ الْخَطَّابِ بْنِ زَكَرِيَّا الرَّاسِبِيُّ، حَدَّثَنَا دَفَّاعُ بْنُ دَغْفَلٍ السَّدُوسِيُّ، عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ صَيْفِيٍّ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، صَهُهَيْبِ الْخَيْرِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " إِنَّ أَحْسَنَ مَا اخْتَضَبْتُمْ بِهِ لَهَذَا السَّوَادُ أَرْغَبُ لِنِسَائِكُمْ فِيكُمْ وَأَهْيَبُ لَكُمْ فِي صَدُورِ عَدُوّكُمْ ".

#### বাংলা

২/৩৬২৫। সুহাইব আল-খায়ের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা যা দিয়ে চুল রঙ্গিন করো তার মধ্যে এই কালো খেযাব খুবই উত্তম। তাতে তোমাদের প্রতি নারীদের আকর্ষণ আছে এবং জিহাদে তা তোমাদের শক্রদের মধ্যে ভীতি সৃষ্টিকর।

## **English**

It was narrated that Suhaib Al-Khair said:

"The Messenger of Allah (ﷺ) said: 'The best thing with which you can dye your hair is this black (dye). It makes your women desire you and creates fear in the hearts of your enemies.'"

## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। যইফাহ ২৯৭২, যইফ আল-জামি' ১৩৭৫। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. দাক্কা বিন দাগফাল আস-সাদুসী সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ১৮০০, ৮/৪৯১ নং পৃষ্ঠা) ২. আবদুল হামীদ বিন সায়ফী সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, এই হাদিস ব্যাতিত তার সম্পর্কে কোথাও জানা যায়না, তার হাদিসের অনুসরণ করা যাবে না। ইবনু



হাজার আল-আসকালানী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন